

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
(বারটান)

কৃষিই সমৃদ্ধি

পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা
www.birtan.gov.bd

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.৭১.০০১.১৮-৮৯২

তারিখ: ৯ পৌষ ১৪২৫

২৩ ডিসেম্বর ২০১৮

বিষয়: ইমামদের খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বারটান নিরাপদ ও প্রয়োজনীয় সুসম খাদ্য নিশ্চিতকরণপূর্বক জনগণের পুষ্টি স্তর উন্নয়নে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও পুষ্টি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করছে। পুষ্টির অবস্থা নির্ধারণ, পুষ্টি সম্পর্কিত জ্ঞানের স্তর বৃদ্ধি এবং পুষ্টি সমৃদ্ধ সুসম খাবার গ্রহণের মাধ্যমে পুষ্টি চাহিদা পূরণ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত আছে।

০২। বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন ৪৫ দিন ব্যাপী ইমামদের নিয়মিত ইমাম বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করছে। এ প্রশিক্ষণে তাঁদের উচ্চতর দ্বীনি শিক্ষার পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নমূলক বিষয়ে যুগোপযোগী প্রশিক্ষণ (যমন- ইসলামিয়াত, প্রাথমিক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও গণশিক্ষা, কৃষি ও বনায়ন, প্রাণিসম্পদ পালন ও মৎস্য চাষ, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি, পরিবেশ ও সামাজিক উন্নয়ন, বাংলাদেশ ও বিশ্বপরিচিতি, আদর্শ পরিবার গঠন, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, নারী অধিকার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় বলে জানা গিয়েছে। বারটান সমাজের বিভিন্ন স্তরের মানুষদেরকে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে সচেতন করার নিমিত্ত নিয়মিতভাবে গুণগত প্রশিক্ষণ প্রদান করছে। এরই অংশ হিসেবে ইমামদেরকেও বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। ইমামগণ সমাজে কাঙ্ক্ষিত ও ইতিবাচক পরিবর্তনে কার্যকরী ভূমিকা পালন করে থাকেন। ফলে এ ধরনের প্রশিক্ষণের মাধ্যমে ইমামগণ পুষ্টি সম্পর্কে যে ধারণা লাভ করবেন তা সমাজের সর্বস্তরের মাঝে পৌঁছে দিতে সক্ষম হবেন বলে বারটান মনে করে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত চলমান প্রশিক্ষণে বারটান-কে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



২৩-১২-২০ ১৮

মোহাম্মদ নজমুল ইসলাম
নির্বাহী পরিচালক

মহাপরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও,
ঢাকা।